

B.A. Semester-VI (Honours) Exam. 2022-23

বাংলা

Course ID : 60112 Course Code : AH/BNG/602/C-14

Course Title : সাম্প্রতিক বাংলা সাহিত্য

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) একুশ শতকের একজন কবির নাম উল্লেখ করে তার কাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।
- খ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাস কোন্ সময়ের প্রেক্ষাপটে রচিত? উপন্যাসের নায়ক কে?
- গ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসটি কত সালে প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ঘ) 'নাথবতী অনাথবৎ' নাটকটি কার জবানিতে কথিত? নাটকের একটি পৌরাণিক চরিত্রের নাম লেখো।
- ঙ) একুশ শতকের কাব্যধারার একজন প্রকৃতিপ্রেমিক কবির নাম লেখো। তার দুটি কাব্যের নাম করো।
- চ) "ভুলুম না ভাই এই রাত্রের কথা।" উদ্ধৃত উক্তিটি কোন্ গল্পের? এখানে কোন্ রাতের কথা বলা হয়েছে?
- ছ) 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পের তুলসী গাছটি কীসের প্রতীক? গল্পের দুটি প্রধান চরিত্রের নাম লেখো।

(পরের পাতায়)

জ) 'নাথবতী অনাথবৎ' নাটকটি প্রথম কবে মঞ্চস্থ হয়? নাটকটির প্রযোজকের নাম লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) একুশ শতকের বাংলা কবিতায় প্রতিফলিত প্রকৃতির স্বরূপ আলোচনা করো।

খ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসের খলচরিত্র দেবলাভদ্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) 'নাথবতী অনাথবৎ' নাটকের মঞ্চসজ্জা রীতি সম্পর্কে আলোচনা করো।

ঘ) 'আদাব' গল্পে দাস্তার যে ভয়াবহ রূপ ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) একুশ শতকের কাব্য-কবিতায় মানবতাবাদের যে স্বরূপ উন্মোচিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

খ) বাঙালির অহংকার ভাষা আন্দোলন সেলিনা হোসেনের 'নীলময়ূরের যৌবন' উপন্যাসে কতখানি প্রতিফলিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

গ) 'নাথবতী অনাথবৎ' নাটকে নাট্যকার শাঁওলী মিত্রের কথক চরিত্রটি আধুনিক মনস্তত্ত্বেরই পরিচায়ক। আলোচনা করো।

ঘ) 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে সমকালীন সমাজ বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে, তা আলোচনা করো।
